

২০১৮

বাংলা — সাধারণ

দ্বিতীয় পত্র

পূর্ণমান - ১০০

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।

উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

For all other categories of candidates

- ১। (ক) বৈষ্ণব পদাবলী সাহিত্যে 'গৌরচন্দ্রিকা' বলতে কী বোঝ? 'গৌরান্ধবিষয়ক পদে'র সঙ্গে এর সম্পর্ক নির্দেশ করো। পাঠ্য পদ অবলম্বনে গৌরান্ধবিষয়ক পদের স্বরূপ বিশ্লেষণ করো। ৪+৪+৭
- অথবা,
- (খ) 'পূর্বরাগ'-এর সংজ্ঞা দাও। পাঠ্য পদ অবলম্বনে এই পর্যায়ের শ্রেষ্ঠ কবির কৃতিত্ব আলোচনা করো। ৩+১২
- ২। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও :
- (ক) 'পুন পুন গতাগতি করু ঘর পছ।
খেনে খেনে ফুলবনে চলই একান্ত।।'
— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- (খ) 'যে বল সে বল মোরে না থাকিব তোর ঘরে।
এ না দুঃখ সহিতে না পারে।।'
— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- (গ) 'কোন বিধি সিরঞ্জিল সোতের শৌণ্ডলি।
এমন ব্যথিত নাই ডাকি বন্ধু বলি।।'
— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- (ঘ) 'সোই মধুর বোল শ্রবণহি শুনলু
শ্রুতিপথে পরশ না গেল।।'
— পদকর্তা কে? কোন পর্যায়ের পদ? উদ্ধৃত অংশটির তাৎপর্য ব্যাখ্যা করো। ১+১+৩
- ৩। (ক) 'মেঘনাদবধ কাব্য'-এর প্রথম সর্গে রাবণ চরিত্রের বিভিন্ন দিকের প্রকাশ কীভাবে ঘটেছে আলোচনা করো। ১৫
- অথবা,
- (খ) 'মেঘনাদবধ কাব্য'-এর চতুর্থ সর্গ অবলম্বনে সীতা চরিত্রটি বিশ্লেষণ করো। ১৫

Please Turn Over

৪। সপ্রসঙ্গ তাৎপর্য আলোচনা করো (যে-কোনো দুটি) :

৫×২

- (ক) 'একটি রতন মোরে দিয়েছিল বিধি
কৃপাময়; দীন আমি খুয়েছি তাকে
রক্ষা হেতু তব কাছে, রক্ষকুল-মণি;'
- (খ) 'ক্ষত বক্ষঃস্থল মম, দেখ, নৃপমণি
রিপু প্রহরণে; পৃষ্ঠে নাহি অঙ্গলেখা।'
- (গ) 'শৃগাল হইয়া, লোভি, লোভিলি সিংহীরে।
কে তোরে রক্ষিবে, রক্ষ?'
- (ঘ) 'কে ছেঁড়ে পদ্মের পর্ণ? কেমনে হরিল
ও বরাদ্দ অলঙ্কার, বুঝিতে না পারি?'

৫। (ক) 'রবীন্দ্রনাথ ঠাকুরের 'পুনশ্চ' কাব্যের অন্তর্গত 'সাধারণ মেয়ে' কবিতার মেয়েটির মনস্তত্ত্ব ব্যাখ্যা করো।

১৫

অথবা,

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর 'পুনশ্চ' কাব্যের 'ছেলেটা' কবিতায় আপন ধর্মে স্থিত শৈশবকে কীভাবে দেখেছেন তা আলোচনা করো।

১৫

৬। (ক) সমর সেনের 'নষ্টনীড়' কবিতার মর্মকথাটি বিশ্লেষণ করো।

১৫

অথবা,

(খ) সুনীল গঙ্গোপাধ্যায়ের 'কেউ কথা রাখেনি' কবিতায় জীবনের বিভিন্ন অভিজ্ঞতা থেকে যে বিশেষ জীবনদর্শনে উপনীত হওয়া যায় তা কবিতাটি অবলম্বনে আলোচনা করো।

১৫

৭। (ক) উদাহরণসহ দলবৃত্ত বা স্বরবৃত্ত বা শ্বাসাঘাতপ্রধান-ছন্দের স্বরূপ ও বৈশিষ্ট্য আলোচনা করো।

১২

অথবা,

(খ) উদাহরণসহ সংজ্ঞা লেখো (যে-কোনো তিনটি) :
মাত্রা, পদ, পর্ব, চরণ, অক্ষর

৪×৩

৮। ছন্দোলিপি নির্ণয় করো (যে-কোনো দুটি) :

৪×২

(পর্ব, পদ, রীতি, লয়, পঙ্ক্তি, মাত্রার উল্লেখ বাঞ্ছনীয়)

- (ক) আমার বসন্ত কাটে খাদ্যের সারিতে প্রতীক্ষায়,
আমার বিন্দ্র রাতে সতর্ক সাইরেন ডেকে যায়।
আমার রোমাঞ্চ লাগে অথবা নিষ্ঠুর রক্তপাতে,
আমার বিষয় জাগে নিষ্ঠুর শৃঙ্খল দুই হাতে।

- (খ) দুই পাশে দুই অঙ্ককার মশিখানে চড়া
 মধ্যে পাতা একটি হাত হাতে বসুন্ধরা।
 হাতের উপর লক্ষ রেখা রেখায় ছোটে জল
 জলে ভাসছে গাছের পাতা পাতায় উঠি চল।
- (গ) কতকাল ছিল কাছে বলিনি তো কিছু
 দিবস চলিয়া গেছে দিবসের পিছু।
 কত হাস্য পরিহাস বাক্য হানাহানি,
 তার মাঝে রয়ে গেছে হৃদয়ের বাণী।
- (ঘ) অগ্নি-আখরে আকাশে যাহারা লিখেছে আপন নাম
 চেনো কি তাদের ভাই?
 দুই তুরঙ্গ জীবন মৃত্যু জুড়ে তারা উদ্দাম
 দুয়েরি বল্গা নাই।
- (ঙ) গলির মোড়ে বেলা যে প'ড়ে এলো
 পুরোনো সুর ফেরিওলার ডাকে,
 দূরে বেতার বিছায় কোন মায়া
 গ্যাসের আলো জ্বালা এ-দিন শেষে।
-